বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৪.১৯-৯৮৫

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪২৬ / ০৮ আগস্ট, ২০১৯

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ আবেদনপত্র আহ্বান প্রসঙ্গে।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের নিকট থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ আহ্বান বিজ্ঞপ্তি সংযুক্ত। বিজ্ঞপ্তি ও আবেদন ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রয়েছে। ইতোপূর্বে অনলাইনে আবেদনকারিগণকেও পুনরায় আবেদন করতে হবে। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ রবিউল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৫৯৯৩১
E-mail:section12@most.gov.bd

বিতরণ:

১। উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২। উপাচার্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
৩। উপাচার্য, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকী, পটুয়াখালী।
৪। উপাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
৫। উপাচার্য, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৬। উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
৭। উপাচার্য, চট্টগ্রাম ভেটেরিনারী এ্যানিমেল বিশ্ববিদ্যালয়, খুলশী, চট্টগ্রাম।
৮। উপাচার্য, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।
৯। উপাচার্য, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
১০। উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১১। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।
১২। উপাচার্য, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৩। উপাচার্য, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৪। উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
১৫। উপাচার্য, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাংগাইল।
১৬। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যায়, ঢাকা।
১৭। উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৮। উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১৯। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২০। উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
২২। উপাচার্য, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
২৩। উপাচার্য, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২৪। উপাচার্য, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৫। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
২৬। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৭। উপাচার্য, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৪/রে- ৯৬১০(৬০)

তারিখঃ ০১/৯/১৯ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংলগ্নীসহ)ঃ

১। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। পরিচালক, সকল ইনস্টিটিউট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা

২০১৯-২০ অর্থ বছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত/গবেষণারত ছাত্র-ছাত্রী/গবেষকদের মধ্যে বিজ্ঞপ্তি বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৪.১৯- ১৬৪

তারিখ : ২৪ শ্রাবণ, ১৪২৬ / ০৮ আগস্ট, ২০১৯

## বিজ্ঞপ্তি

**[বিজ্ঞান ও প্রযুক্তিতে নতুন জ্ঞান সংযোজনের মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান]**

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে এমএস/এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত / গবেষণারত ছাত্র-ছাত্রীগণের নিকট হতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদন আহ্বান।

২০১৯-২০২০ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ প্রদানের জন্য দেশীয় পাবলিক বিশ্ববিদ্যালয় / অনুমোদিত স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান ও ইনস্টিটিউটে ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল / জীব ও চিকিৎসা বিজ্ঞান / কৃষি বিজ্ঞান, এনিম্যাল সাইন্স ও খাদ্য বিজ্ঞান-এর আওতাভুক্ত বিষয়সমূহে ২০১৯-২০২০ সেশনে এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী/ গবেষকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদন ফরম এর PDF এবং Word file ওয়েবসাইটে [www.most.gov.bd] পাওয়া যাবে। **ফরমের Word file ব্যবহারকালে কোনরূপ পরিবর্তন করা যাবে না। ইতোপূর্বে যারা Online আবেদন করেছেন তাদেরকেও এ বিজ্ঞপ্তির আলোকে হার্ড কপিতে ডাকযোগে পুনরায় আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।**

### শর্তাবলী:

(১) আবেদনপত্র কেবল ডাকযোগে [যুগ্মসচিব, অধিশাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কক্ষ নং-৯১৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা] প্রেরণ করতে হবে। খামের উপর মোটা কালিতে কোর্সের নাম (এমএস / এমএসসি / এমফিল / পিএইচডি), গ্রুপের নাম (ভৌত বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান ও প্রকৌশল / জীব ও চিকিৎসা বিজ্ঞান / কৃষি বিজ্ঞান, এনিম্যাল সাইন্স ও খাদ্য বিজ্ঞান) এবং বিশ্ববিদ্যালয়ের নাম লিখতে হবে। ফেলোশিপ নবায়নের জন্য আবেদনকারীগণ 'নবায়ন' শব্দটিও লিখবেন।

(২) আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, ২০১৯। উক্ত তারিখের মধ্যে আবেদনপত্র মন্ত্রণালয়ে পৌছানো নিশ্চিতকল্পে সময় হাতে রেখে ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(৩) একজন আবেদনকারি যে কোন একটি গ্রুপে কেবল ১টি আবেদন করতে পারবেন। আবেদনকারি যে ফ্যাকালটির ছাত্র তার ভিত্তিতে 'গ্রুপ' নির্ধারিত হবে।

(৪) পূর্ণকালীন ছাত্রত্ব না থাকলে (এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি যে পর্যায়েরই হোক) আবেদনের যোগ্য হবেন না। খন্ডকালীন বা সান্ধ্যকালীন ছাত্রত্ব গ্রহণযোগ্য হবে না।

(৫) চাকুরিজীবীগণ কেবল এমফিল ও পিএইচডি পর্যায়ের ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। অফিসের অনুমতি না নিয়ে ভর্তি হয়ে থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।

(৬) অন্যকোন উৎস হতে আর্থিক সহায়তা প্রাপ্তি অব্যাহত রেখে NST ফেলোশিপ গ্রহণ করা যাবে না। এ বিষয়টি নিশ্চিতকল্পে নির্ধারিত বাক্য সম্বলিত হলফনামা প্রদান করতে হবে। হলফনামার নমুনা ওয়েবসাইটে পাওয়া যাবে।

(৭) এমএস / এমএসসি কোর্সে অধ্যয়নরতদের এসএসসিতে সর্বনিম্ন ৪.৫, এইচএসসিতে সর্বনিম্ন ৪.৫ এবং স্নাতক পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে) থাকতে হবে। আবেদনের শেষ তারিখে বয়স অনুর্ধ্ব-৩০ বছর।

(৮) এমফিল ও পিএইচডি কোর্সে অধ্যয়নরতদের এসএসসিতে সর্বনিম্ন ৪.৫, এইচএসসিতে সর্বনিম্ন ৪.৫ ও স্নাতক পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে) এবং স্নাতকোত্তর পর্যায়ে সর্বনিম্ন ৩.২ (৪ এর মধ্যে) থাকতে হবে।

(৯) এমফিল পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর, চাকুরিরতদের জন্য ৩৫ বছর হতে পারবে। ইতোমধ্যে যারা ফেলোশিপ প্রাপ্ত হয়েছেন তাদের নবায়ন আবেদনের ক্ষেত্রে বয়স সংক্রান্ত পূর্বতন বিধান কার্যকর থাকবে।

(১০) পিএইচডি পর্যায়ে আবেদনের শেষ তারিখে বয়স সর্বোচ্চ ৪০ বছর, চাকুরিরতদের জন্য ৪৫ বছর হতে পারবে। ইতোমধ্যে যারা ফেলোশিপ প্রাপ্ত হয়েছেন তাদের নবায়ন আবেদনের ক্ষেত্রে বয়স সংক্রান্ত পূর্বতন বিধান কার্যকর থাকবে।

(১১) আবেদনপত্র প্রাথমিক ভাবে যাচাই-বাছাইয়ের পর কেবল যোগ্য আবেদনকারিগণের তালিকা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তাদেরকে যথাসময়ে ওয়েব সাইটের মাধ্যমে মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান জানিয়ে দেওয়া হবে।

(১২) ভুলত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

পৃঃ দ্রঃ

(১৩) নিম্নোক্ত কগজপত্রের একসেট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে।

(১) এমএস / এমএসসি পর্যায়ে আবেদনকারিদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পাশের সার্টিফিকেট এর ফটোকপি;
(২) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারিদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পাশের সার্টিফিকেট এর ফটোকপি;
(৩) এমএস / এমএসসি পর্যায়ে আবেদনকারিগণ বিভাগীয় প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা জমা দেবেন।
(৪) এমফিল ও পিএইচডি পর্যায়ে আবেদনকারিগণ ৩০০/- মূল্যের নন-জুটিশিয়াল স্টাম্পে নির্ধারিত বাক্যসম্বলিত হলফনামা দেবেন।
(৫) এমএস / এমএসসি, এমফিল ও পিএইচডি পর্যায়ের ২০১৯-২০ অর্থবছরে নতুন আবেদনকারিগণ ০২ পাতার গবেষণা সিনোপসিস এর ৩ কপি জমা দেবেন। ফেলোশিপ নবায়নের আবেদনকারিগণ তাদের গবেষণা কর্মের বিস্তারিত অগ্রগতি প্রতিবেদন ৩ কপি জমা দেবেন।

৮।৮।২০১৯
(মোঃ রবিউল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৫৯৯৩১
E-mail:section12@most.gov.bd